যে ব্যক্তি অহংকারবশত তার পোশাক টেনে-হেঁচড়ে চলে আল্লাহ তার দিকে তাকাবেন না।

ইবনু ‘উমর রাদিয়াল্লাহু ‘আনহুমা হতে বর্ণিত, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু ‘আলাইহি ওয়াসাল্লাম বলেছেন, "যে ব্যক্তি অহংকারবশত তার পোশাক টেনে-হেঁচড়ে চলে আল্লাহ তার
দিকে তাকাবেন না।"
[সহীহ] [সহীহ বুখারী ও মুসলিম]

নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম দাম্ভিকতা ও অহংকারের বশে নিজের পোশাক বা কাপড় টাখনুর নিচে ঝুলিয়ে রাখার বিরুদ্ধে সতর্ক করে দিয়েছেন এবং যে কেউ তা করবে সে কঠোর হুমকির সম্মুখিন হবে যে, কিয়ামতের দিন আল্লাহ তার প্রতি রহমতের দৃষ্টিতে তাকাবেন না।

http://sunnah.global/hadeeth/bn/show/5370